# মার্কিন-ইসরায়েলি হামলায় আইআরজিসি গোয়েন্দা প্রধান নিহত



ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস (আইআরজিসি)-এর গোয়েন্দা বিভাগের প্রধান মেজর জেনারেল মজিদ খাদেমি। ছবি: সংগৃহীত

মার্কিন ও ইসরায়েলের যৌথ হামলায় ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস (আইআরজিসি)-এর গোয়েন্দা বিভাগের প্রধান মেজর জেনারেল মজিদ খাদেমি নিহত হয়েছেন বলে জানিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

সোমবার (৬ এপ্রিল) আইআরজিসির এক আনুষ্ঠানিক বিবৃতির বরাতে এই তথ্য প্রকাশ করে দেশটির রাষ্ট্রীয় বার্তা সংস্থা ফারস নিউজ। বিবৃতিতে উল্লেখ করা হয়, খাদেমি প্রায় পাঁচ দশক ধরে ইরানের গোয়েন্দা ও নিরাপত্তা কাঠামোর সঙ্গে সম্পৃক্ত থেকে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন।

তার জানাজা ও দাফন সংক্রান্ত বিস্তারিত পরে জানানো হবে বলেও বিবৃতিতে জানানো হয়েছে।

LENS ASIA